পাঠ ৩

ময়লার বাক্স



শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

৩.১ ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ও প্রতিবেদনমূলক রচনার পাঠ শুনে তথ্য, বিষয়বস্তু বুঝতে পারা।

৮.১ চিত্র ও ছবি সংবলিত বা বিহীন ছড়া, কবিতা, রূপকথা, গল্প সাবলীলভাবে বলতে পারা এবং বিষয়বস্তু বলতে পারা।

১০.১ পরিচিত পরিবেশে ছাপা, হাতের লেখায় বা ডিজিটাল ডিভাইসে উপস্থাপিত প্রশ্ন, নির্দেশনা, অনুজ্ঞা ও পাঠের অন্তর্ভুক্ত সহজ কথোপকথন পড়ে বুঝতে পারা।

১০.২ হাতের লেখায় সম্বোধন, অনুরোধ, সৌজন্যমূলক বাক্য পড়ে বুঝতে পারা।

১৪.১ পরিচিত প্রেক্ষাপটে সাধারণ নির্দেশনা, প্রশ্ন, অনুজ্ঞাসূচক বাক্য, সংকেত, ঘোষণা, বিজ্ঞপ্তির বিষয় ও কথোপকথন বুঝে প্রমিত বাংলায় লিখতে পারা।

পিরিয়ড সংখ্যা : ৪

পিরিয়ড বিভাজন :

পিরিয়ড-৮	বাবলসহ প্রথম ৪টি ছবি
পিরিয়ড-৯	বাবলসহ ১ম ৪টি ও ২য় ৪টি ছবি
পিরিয়ড-১০	বাবলসহ ২য় ৪টি ও ৩য় ৪টি ছবি
পিরিয়ড-১১	বাবলসহ ৪র্থ ৪টি ও ৫ম ৪টি ছবি

[সূত্র : শিক্ষক সহায়িকা]

বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

নাতনি	আপাতত	খোঁজা	বিস্কুট	প্যাকেট	বাক্স	খুকি	দারুণ

ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

পিরিয়ড ৮ বাবলসহ প্রথম ৪টি ছবি

প্রশ্ন ১. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

নাতনি, নাম, তোমার, আপাতত, একটা, গপ।

প্রদত্ত শব্দ	প্রমিত উচ্চারণ
নাতনি	নাত্নি
নাম	নাম্
তোমার	তোমার্
আপাতত	আপাততো
একটা	অ্যাক্টা
গপ	গপ্

পিরিয়ড ৯ বাবলসহ ১ম ৪টি ও ২য় ৪টি ছবি

প্রশ্ন ২. ছবিতে দোকানিকে কী বলে সম্বোধন করা হয়েছে?

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : ছবিতে দোকানিকে 'মামা' বলে সম্বোধন করা হয়েছে।

প্রশ্ন ৩. রেবা দোকানের সামনে কী দেখল? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : রেবা দোকানের সামনে দেখল যে, সবাই যেখানে-সেখানে ময়লা ফেলছে।

পিরিয়ড ১০ বাবলসহ ২য় ৪টি ও ৩য় ৪টি ছবি

প্রশ্ন ৪. রেবা কী দিয়ে ময়লার বাক্স তৈরি করল?

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : রেবা কাগজের বড়ো বাক্স দিয়ে ময়লার বাক্স তৈরি করল।

প্রশ্ন ৫. রেবা কয়টি ময়লার বাক্স তৈরি করল?

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : রেবা দুটি ময়লার বাক্স তৈরি করল।

পিরিয়ড ১১ বাবলসহ ৪র্থ ৪টি ও ৫ম ৪টি ছবি

প্রশ্ন ৬. কলার খোসার বাক্স থেকে কে কলার খোসা খেয়েছিল?

উত্তর : কলার খোসার বাক্স থেকে ছাগল কলার খোসা খেয়েছিল।

প্রশ্ন ৭. দুটি বাক্সের গায়ে কী লেখা ছিল?

উত্তর : একটির গায়ে লেখা ছিল 'অন্য ময়লা' আর অন্যটির গায়ে লেখা ছিল 'কলার খোসা'।

মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

প্রশ্ন ১. 'ময়লার বাক্স' পাঠটির বিষয়বস্তু লেখ।

উত্তর : অনেকে যেখানে-সেখানে ময়লা ফেলে, এটা ঠিক নয়। যেখানে-সেখানে ময়লা ফেললে পরিবেশ দূষিত হয়। তাই ময়লা একটা নির্দিষ্ট বাক্সে বা ঝুড়িতে ফেলতে হবে। আমাদের চারপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আমাদের।

বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

প্রশ্ন ২. ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

প্রশ্ন ক. ছবিটি কীসের?

উত্তর : ছবিটি একটি ডাস্টবিনের।

প্রশ্ন খ. এটি কী কাজে ব্যবহৃত হয়?

উত্তর : এটি ময়লা ফেলার কাজে ব্যবহৃত হয়।

প্রশ্ন গ. তোমার বাড়িতে কি ডাস্টবিন আছে?

উত্তর : হ্যাঁ, আমার বাড়িতে ডাস্টবিন আছে।

পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

প্রশ্ন ৩. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।

ময়লা, নোংরা, কলার খোসা।

ক. ——— কেউ আছাড় খেতে পারে।

খ. সবাই দেখি যেখানে-সেখানে ——— ফেলছে।

গ. আমার দোকানের সামনে আর ——— হবে না।

উত্তর :

ক. কলার খোসায় কেউ আছাড় খেতে পারে।

খ. সবাই দেখি যেখানে-সেখানে ময়লা ফেলছে।

গ. আমার দোকানের সামনে আর নোংরা হবে না।

লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

প্রশ্ন ৪. তুমি দোকানিকে কী বলে সম্বোধন কর? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : আমি দোকানিকে ভাই, মামা, চাচা বলে সম্বোধন করি।

প্রশ্ন ৫. তুমি শিক্ষককে কী বলে সম্বোধন কর? ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : আমি শিক্ষককে স্যার, ম্যাডাম বলে সম্বোধন করি।

শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক	সাহায্য প্রয়োজন	ভালো	উত্তম
বাংলা প্রমিত উচ্চারণ জানে।			
ধারাবাহিকতা রক্ষা করে গল্পের কাহিনি বলতে পেরেছে।			
মুদ্রিত কথোপকথনমূলক লেখা বুঝে প্রমিত উচ্চারণে পড়তে পেরেছে।			
প্রমিত উচ্চারণে পড়তে আগ্রহ দেখিয়েছে।			
অনুরোধমূলক ও সৌজন্যমূলক বাক্য জানে।			
সম্বোধনসহ অনুরোধমূলক ও সৌজন্যমূলক বাক্য লিখতে পেরেছে।			
সম্বোধনের ক্ষেত্রে শ্রদ্ধাবোধ প্রদর্শন করেছে।			
ছাপা ও হাতের লেখা নির্দেশনা স্পষ্ট উচ্চারণে পড়ে অনুসরণ করতে পেরেছে।			
সাধারণ বর্ণনা শুনে বিষয়বস্তু বলতে পেরেছে।			
পাঠের কথোপকথনের বিষয় বুঝে লিখতে পেরেছে।			
প্রমিত উচ্চারণে পড়তে পেরেছে।			

ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

ধারাবাহিক মূল্যায়ন

তারিখ : ☐☐☐ সময় :.....

শিক্ষার্থীর নাম :..... শ্রেণি :..... রোল নম্বর : ☐

১। সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।

ময়লা, নোংরা, কলার খোসা।

ক. ——— কেউ আছাড় খেতে পারে।

খ. সবাই দেখি যেখানে-সেখানে ——— ফেলছে।

গ. আমার দোকানের সামনে আর ——— হবে না।

২। ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।

ক. ছবিটি কীসের?

খ. এটি কী কাজে ব্যবহৃত হয়?

গ. তোমার বাড়িতে কি ডাস্টবিন আছে?

উত্তরমালা

১ ▸ ক. কলার খোসায় কেউ আছাড় খেতে পারে।

খ. সবাই দেখি যেখানে-সেখানে ময়লা ফেলছে।

গ. আমার দোকানের সামনে আর নোংরা হবে না।

২ ▸ ক. ছবিটি একটি ডাস্টবিনের।

খ. এটি ময়লা ফেলার কাজে ব্যবহৃত হয়।

গ. হ্যাঁ, আমার বাড়িতে ডাস্টবিন আছে।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐